গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ৪র্থ সভার কার্যবিবরণী।

গত ৩০ এপ্রিল ২০২৪ তারিখ বেলা ১০.৩০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিক সভা জনাব মোছাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভাপতি অংশীজনদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভায় ইউনিটের অংশীজনের মতামত পাওয়া যায়। জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) ও বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৫ কার্যক্রম অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশনা রয়েছে। ইউনিটের ৫০৭ নম্বর কক্ষ সংলগ্ন ওয়াশরুমসহ অন্য দুটি ওয়াশরুম দীর্ঘদিন যাবৎ ব্যবহারের অনুপযোগী অবস্থায় আছে। ওয়াশরুমের সিলিং ও দেয়ালের ড্যাম্প ধরে প্লাস্টার খসে পড়েছে। এছাড়া ৫০৭ নম্বর কক্ষ সংলগ্ন ওয়াশরুমের কমোডের ফ্লাশ নষ্ট হয়ে গেছে। ইউনিটের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধি অনুসরণে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত ওয়াশরুমসমূহের আশু মেরামতের প্রয়োজন বলে মত প্রকাশ করেন।

৪। জনাব মোঃ আব্দুল হালিম ভুঁঞা, উপপরিচালক (প্রশাসন) জানান, এ ইউনিটের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করা হয়েছে। দাপ্তরিক পোষাক পরিধান করে কর্মস্থলে দায়িত্ব পালনের বিষয়টি প্রশাসনিক শৃঙ্খলা পর্যায়ভুক্ত। তিনি ইউনিটের প্রাধিকারভূক্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক পরিধান করে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

৫। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, (প্রশাসন ও অর্থ) জানান,গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর মহোদয়ের দপ্তরের একজন প্রকৌশলী মেরামতযোগ্য ওয়াশরুমসমূহ সরেজমিনে পরিদর্শন করেছেন। উক্ত প্রকৌশলী জানিয়েছেন, অচিরেই ওয়াশরুমসমূহের মেরামত ও সংস্কারের কাজ শুরু করা হবে।

৬। সভাপতি তথ্য অধিকার আইনের অধীনে আইনের বিধানাবলী যাচাই সাপেক্ষে অংশীজন/ব্যক্তি/নাগরিকদের প্রাপ্ত তথ্য যথাসময়ে সরবরাহ করে ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসেইটে আপলোডের বিষয়ে গুরত্ব আরোপ করেন। একইসঙ্গে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসেইটে আপলোডের জন্য অনুরোধ জানান। এছাড়া কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি জীবনে নৈতিকতা, শিষ্টাচার বজায় রেখে পরমতসহিষ্ণু ও অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার জন্য তিনি তাগিদ দেন।

৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে কাজ করার আহ্বানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/৫/২০২৪

মোছাঃ নূরজাহান খাতুন
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯
ই-মেইল: cpeimu2011@gmail.com

১৭০

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ৬৬০/১ তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৬ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক (সকল), ............ ......। এ ইউনিট।
০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
০৬। হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
০৭। জনাব/বেগম ..........................., এ ইউনিট।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস কপি।

০৬/০৫/২০২৪
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

**বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নার্থে অংশীজনের অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিকের সভার হাজিরা শীট**

সভার তারিখ: ৩০ এপ্রিল ২০২৪, সকাল ১০.৩০টা
স্থান : সভা কক্ষ, সিপিইআইএমইউ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোছাঃ নূরজাহান খাতুন<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | সভাপতি | |
| ২. | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা<br>উপপরিচালক (প্রশাসন) | সদস্য | |
| ৩. | জনাব মোঃ কামাল হোসেন<br>উপপরিচালক (অর্থ ও হিসাব) | ফোকাল পয়েন্ট | |
| ৪. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | বিকল্প ফোকাল পয়েন্ট | |
| ৫. | জনাব মোঃ আনোয়ার পারভেজ<br>হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য | |
| ৬. | [illegible] | | |
| ৭. | [illegible] | | |
| ৮. | [illegible] চন্দ্র সেন | | |
| ৯. | [illegible] | | |
| ১০. | মো: [illegible] হোসেন | | |
| ১১. | [illegible] | | |
| ১২. | [illegible] | | |
| ১৩. | গোলাম মোহাম্মদ ভূঁইয়া | | |
| ১৪. | মো: নজরুল ইসলাম ভূঁইয়া | | |
| ১৫. | মো: [illegible] | | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | জুলি সাহা | | [illegible] |
| ১৭. | মোঃ আব্দুর রাজ্জাক | | [illegible] |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |
| ২১. | | | |
| ২২. | | | |
| ২৩. | | | |
| ২৪. | | | |
| ২৫. | | | |
| ২৬. | | | |
| ২৭. | | | |
| ২৮. | | | |
| ২৯. | | | |
| ৩০. | | | |
| ৩১. | | | |
| ৩২. | | | |
| ৩৩. | | | |
| ৩৪. | | | |